

বনানী চক্রবর্তী

অনুশাস
স্বপ্নসংকলন



PRICE: BDT 220 | USD 10



978-984-98864-2-6

অনুগত স্বর্ণরেণুকণা

বনানী চক্রবর্তী



কাগজ প্রকাশন

অনুগত স্বর্ণরেণুকণা

বনানী চক্রবর্তী

প্রকাশকাল

প্রথম প্রকাশ : অমর একুশে বইমেলা ২০২৪

প্রকাশক

কাজী শাহেদ আহমেদ

কাগজ প্রকাশন

কাগজ প্রকাশন, বাড়ি-৮৪, লেভেল-৩, রোড-৭/এ,

সাত মসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা

প্রচ্ছদ

মোস্তাফিজ কারিগর

গ্রন্থস্বত্ব

আনন্দী ভট্টাচার্য

ভারতে পরিবেশক

অভিযান পাবলিশার্স

১০/২-এ রমানাথ মজুমদার স্ট্রিট, কলকাতা

অনলাইন পরিবেশক

rokomari.com/book/publisher/913

ISBN: 978-984-98864-2-6

মূল্য

২২০ টাকা

US \$ 10

Anugata Swarnare nukona by Banani Chakrabarty Published by Kagoj Prokashon, House-84, Level-3, Road-7/A, Dhanmondi, Dhaka-1209, Bangladesh, First published in February 2024, Cover designed by Mostafiz Karigar, Price: Tk.220, US \$ 10

সূচিপত্র

ঘূর্ণি ৯	৩৭ শুশুক
পর্ণমোচি ১০	৩৮ খোদাইকর
অভিজ্ঞান ১১	৩৯ দ্বিচক্রযান
কুক্কুম ১২	৪০ সংখ্যা
যজ্ঞের ফল ১৩	৪১ চন্দ্রকলা
প্রাসাদ ১৪	৪২ পঞ্জিকরণ
কচিপাতা ১৫	৪৩ ধ্রুবতারা
খঞ্জনি ১৬	৪৪ সমুদ্র গর্জন
রূপকথা ১৭	৪৫ মাড়াইকল
জ্বর ১৮	৪৬ বাঁশি
মাদল ১৯	৪৭ অভিশাপ
ডুবজল ২০	৪৮ চোখবিদ্ধ
স্বপ্নবাজার ২১	৪৯ নিলাম
মাদুলি ২২	৫০ টিকটিকি
স্মৃতিভ্রংশ ২৩	৫১ পুনর্জন্ম
থার্মোমিটার ২৪	৫২ দাগ
ঘন্টাধ্বনি ২৫	৫৩ নামাবলী
মরুভূমি ২৬	৫৪ আঁচল
দীর্ঘদেহী গাছ ২৭	৫৫ বায়বীয়
অনুগত স্বর্ণরেণুকণা ২৮	৫৬ নটরাজ
শ্রেমবৈচিত্র্য ২৯	৫৭ কুরূপা
গন্ডি ৩০	৫৮ রঙিন মাছ
মাটির প্রদীপ ৩১	৫৯ শেষ ইচ্ছে
বহুতল ৩২	৬০ সমুদ্র ঝিনুক
পিঠের আঘাত ৩৩	৬১ অসুখ
আয়না ৩৪	৬২ জলে চল
কায়াহীন ৩৫	৬৩ খোঁপা
কর্পূর ৩৬	৬৪ মর্গ

ঘূর্ণি

পাতার নৌকায় ছয় দাঁড়ে ভেসে ভেসে টালমাটাল হলাম, নোঙর করাও...
বলেছিলে মস্ত এক কাছি নিয়ে তুমি পাড়ে বসে আছো... আমি খাঁড়ি বাইলাম
মোহনায় দিশেহারা... আমার চোখে ঘূর্ণি লেগেছে, নাকি ঘূর্ণি আজ সর্বত্র... ঘূর্ণি
কি তোমারো... কালো ঘোড়ার কেশর ধরে ছুটছো ছুটছো ছুটছো... একবার
থামো, পেছনে তাকাও... এই যে মৃত মানুষের শব এই যে লুণ্ঠন পরবর্তী
হাওয়া, এরমাঝে কোথাও কি প্রহ্নতত্ত্ব রয়ে গেছে... তোমার শিরস্রাণ ভারী
হয়ে গেলে আমি পত্রলেখা বইতে পারবো তো...

পর্ণমোচি

সরে যাচ্ছি...ক্রমশ সরে যাচ্ছি তোমাদের মাংসের দোকান থেকে... সারি সারি মুন্ডহীন কাঁচা টকটকে মাংসের পেটে বয়সজনিত থলি থলি চর্বি ঝোলে শুধু... আমার মেটাবলিক রেটে পর্ণমোচি উদ্ভিদের হাওয়া লেগে গেছে... চুমুক দেওয়া পানীয়ের সঙ্গে আর যাইহোক আমায় মানায় না...নারকেলের ফালি ছোলা নুনই পাশে নিয়ে, নেতানো মুড়িই পেট ভরাবার ফন্দিফিকির...বাতাস গর্ভবতী হলে বৃষ্টি নামে...আগুন ঝরা ক্ষিদে নিয়ে বহু বসন্তই কেটে গেছে...এবার যাবতীয় ক্ষিদের স্মৃতিগুলো তেলরঙা ভূসো কালির সঙ্গে মিশিয়ে মিশিয়ে ম্যাজিক রঙের ছবি আঁকবো শুধু...